রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৪ সনের ৩৪ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, আগস্ট ২১, ২০১৪**

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারিকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৪৭৭—৪৮৮ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারিকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১০৫৫—১০৮৮ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৮৩—৯৩ |
| ৪র্থ খণ্ড—প্রথম খন্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৫৪৫—১৬১২ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারিকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারিকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) . . . . . তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারিকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**অর্থ মন্ত্রণালয়**
**অর্থনৈতিক সম্পর্ক বিভাগ**
**এডিবি-৪ অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ২৩ বৈশাখ ১৪২১/০৬ মে ২০১৪

**নং ০৯.৫১২.০২৪.০১.০১.০০৪.২০১৪-৭০**—এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর সংগে পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতায় বাস্তবায়িতব্য “BAN (45207): Irrigation Management Improvement Project (IMIP)”-শীর্ষক প্রকল্পের জন্য বাংলাদেশ সরকার পক্ষে লোন নেগোসিয়েশনের (১১ মে ২০১৪ খ্রিঃ) লক্ষ্যে নিম্নোক্ত প্রতিনিধিদল গঠন করা হ’ল ঃ

| | | | |
|---|---|---|---|
| (ক) | জনাব সাইফুদ্দিন আহমদ | যুগ্ম-সচিব (এডিবি), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | দলনেতা |
| (খ) | জনাব আবুল কালাম আজাদ | পরিচালক (উপ-সচিব), আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় | সদস্য |
| (গ) | জনাব মোঃ মিজানুর রহমান | উপ-সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| (ঘ) | জনাব মোঃ মাহবুবুল হক পাটওয়ারী | উপ-প্রধান, পরিকল্পনা কমিশন | সদস্য |
| (ঙ) | জনাব মোঃ মাসুদ আহমেদ | পরিচালক, পরিকল্পনা-৩ এবং প্রকল্প পরিচালক, IMIP, বাপাউবো, ঢাকা | সদস্য |
| (চ) | জনাব মোঃ তমিজুল ইসলাম খান | সিনিয়র সহকারী সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | সদস্য |

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd

| | | | |
|---|---|---|---|
| (ছ) | জনাব মোঃ মাহবুবুর রহমান | সিনিয়র সহকারী সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | সদস্য |
| (জ) | জনাব মোহাঃ অলিউল্লাহ মিয়া | উপ-সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | সদস্য |

২। **নেগোসিয়েশনের তারিখ, সময় ও স্থান ঃ**

| তারিখ | সময় | স্থান |
|---|---|---|
| ১১ মে ২০১৪ খ্রিঃ | সকাল ১০.০০ টা থেকে শুরু | এডিবি'র বাংলাদেশ আবাসিক মিশন, আগারগাঁও, ঢাকা। |

৩। উপরে বর্ণিত লোন নেগোসিয়েশন প্রতিনিধিদলের সকল সদস্য যথাসময়ে নেগোসিয়েশনে অংশগ্রহণ করবেন।

তারিখ, ২৫ বৈশাখ ১৪২১/০৮ মে ২০১৪

**নং ০৯.৫১২.০২৪.০২.০২.০০৩.২০১৩-৭৫**—এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর সংগে পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতায় বাস্তবায়িতব্য "BAN (44167): Flood and Riverbank Erosion Risk Management Investment Program (FRERMIP)" শীর্ষক প্রকল্পের জন্য বাংলাদেশ সরকার পক্ষে লোন নেগোসিয়েশনের (১২ মে ২০১৪ খ্রিঃ) লক্ষ্যে নিম্নোক্ত প্রতিনিধিদল গঠন করা হ'ল ঃ

| | | | |
|---|---|---|---|
| (ক) | জনাব সাইফুদ্দিন আহমদ | যুগ্ম-সচিব (এডিবি), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | দলনেতা |
| (খ) | জনাব মোঃ মইনুল কবির | উপ-সচিব (ড্রাফটিং), লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | সদস্য |
| (গ) | জনাব আবুল কালাম আজাদ | পরিচালক (উপ-সচিব), আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয় | সদস্য |
| (ঘ) | জনাব মোঃ মিজানুর রহমান | উপ-সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| (ঙ) | জনাব মোঃ মাহবুবুল হক পাটওয়ারী | উপ-প্রধান, পরিকল্পনা কমিশন | সদস্য |
| (চ) | জনাব এ, এম. আমিনুল হক | তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রকল্প পরিচালক (ভারপ্রাপ্ত), প্রকল্প ব্যবস্থাপনা দপ্তর, জেএমআরইএমপি, ঢাকা। | সদস্য |
| (ছ) | জনাব উম্মে রেহানা | সিনিয়র সহকারী সচিব (বাজেট-১৯), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | সদস্য |
| (জ) | জনাব মোহাঃ অলিউল্লাহ মিয়া | উপ-সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | সদস্য |

২। **নেগোসিয়েশনের তারিখ, সময় ও স্থান ঃ**

| তারিখ | সময় | স্থান |
|---|---|---|
| ১২ মে ২০১৪ খ্রিঃ | সকাল ১০.০০ টা থেকে শুরু | এডিবি'র বাংলাদেশ আবাসিক মিশন, আগারগাঁও, ঢাকা। |

৩। উপরে বর্ণিত লোন নেগোসিয়েশন প্রতিনিধিদলের সকল সদস্য যথাসময়ে নেগোসিয়েশনে অংশগ্রহণ করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাঃ অলিউল্লাহ মিয়া**
উপ-সচিব।

---

**জাতীয় রাজস্ব বোর্ড**

**(শুল্ক)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৪ বৈশাখ ১৪২১/০৭ মে ২০১৪

নং ৩২৭/২০১৪/শুল্ক।—The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section-11 এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, হবিগঞ্জ জেলার শায়েস্তাগঞ্জ উপজেলাকে এতদ্বারা ওয়্যারহাউজিং স্টেশন (Warehousing station) হিসেবে ঘোষণা করিল।

**মোঃ জিয়াউর রহমান খান**
দ্বিতীয় সচিব (শুল্ক রপ্তানী ও বন্ড)।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশাবলী**

তারিখ, ১৬ এপ্রিল ২০১৪

**নং বিচার-৭/২এন-৫৪/২০১৩-২১৯**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব সবিতা রানী শীল, পিতা সুভাষ চন্দ্র শীল, মাতা অঞ্জলী রানী শীল, গ্রাম ঢুষখালী, ডাকঘর বামনা, উপজেলা বামনা, জেলা বরগুনা। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে বরগুনা জেলার বামনা উপজেলার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**নং বিচার-৭/২এন-৫৪/২০১৩-২২০**—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২ (২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব গোপাল চন্দ্র শীল, পিতা মাখন চন্দ্র শীল, মাতা কমলা শীল, গ্রাম ছোনবুনিয়া, ডাকঘর ঘটাবাছা, উপজেলা পাথরঘাটা, জেলা বরগুনা। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে বরগুনা জেলার পা্থরঘাটা উপজেলার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। মন্ত্রণালয় বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা নিয়োগলাভকারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই নিয়োগ বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, মন্ত্রণালয় যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ৫ মে ২০১৪

**নং বিচার-৭/২এন-১৩-২০১২-২৩৭**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোঃ রফিকুল ইসলাম, পিতা মোঃ মতিউর রহমান, মাতা লতিফা রহমান, গ্রাম মামুদনগর, ডাকঘর মামুদনগর, উপজেলা নাগরপুর, জেলা টাঙ্গাইল।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে টাঙ্গাইল জেলার নাগরপুর উপজেলার ৯নং মামুদনগর ইউনিয়নের ১, ২, ৩, ৪ ও ৭ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

তারিখ, ৮ মে ২০১৪

**নং বিচার-৭/২এন-৪৬/০৪-২৪৫**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোঃ বেল্লাল হোসেন, পিতা মৃত ওছিম উদ্দিন খন্দকার, মাতা জয়গন বেওয়া, গ্রাম একডালা (নৌকাঘাট নাইয়া পাড়া), ডাকঘর সিরাজগঞ্জ, উপজেলা সিরাজগঞ্জ, জেলা সিরাজগঞ্জ।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে সিরাজগঞ্জ জেলার সদর পৌরসভার ০৯ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হলো।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

**মোঃ হেমায়েত উদ্দিন**
সিনিয়র সহকারী সচিব।

---

**পরিবেশ ও বন মন্ত্রণালয়**

**পরিকল্পনা শাখা-৫**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ২৮ এপ্রিল ২০১৪

**নং পবন/পরিশা-৫/০২/২০১৪/৫৪**—জার্মান সরকারের সহায়তাপুষ্ট পরিবেশ ও বন মন্ত্রণালয়ের আওতায় বন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "উপকূলীয় (রক্ষিত) বন এলাকায় টেকসই উন্নয়ন এবং জীববৈচিত্র্য সংরক্ষণ (এসডিবিসি-সুন্দরবনস)" শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের নিমিত্ত প্রকল্পের সংস্থান মোতাবেক নিম্নরূপে একটি স্টিয়ারিং কমিটি গঠন করা হলো ঃ

**আহ্বায়ক**

(১) সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(২) ভূমি মন্ত্রণালয়ের প্রতিনিধি

(৩) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের প্রতিনিধি

(৪) বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ণ বিভাগ এর প্রতিনিধি

(৫) অর্থনৈতিক সম্পর্ক বিভাগের প্রতিনিধি

(৬) মহা-পরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

(৭) মহা-পরিচালক, পরিবেশ অধিদপ্তর

(৮) প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর

(৯) যুগ্ম-সচিব (উন্নয়ন), পরিবেশ ও বন মন্ত্রণালয়

(১০) যুগ্ম-প্রধান, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন।

(১১) প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার ও প্রকৌশল অধিদপ্তর

(১২) মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর

(১৩) মহা-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

(১৪) উপ-প্রধান, পরিবেশ ও বন মন্ত্রণালয়

(১৫) USAID এর প্রতিনিধি

(১৬) **GIZ** এর প্রতিনিধি

(১৭) সিনিয়র সহকারী প্রধান/সহকারী প্রধান, পরিকল্পনা শাখা-৫, পরিবেশ ও বন মন্ত্রণালয়।

**সদস্য-সচিব**

(১৮) প্রকল্প পরিচালক, "উপকূলীয় বন এলাকায় টেকসই উন্নয়ন এবং জীববৈচিত্র্য সংরক্ষণ (এসডিবিসি-সুন্দরবনস)" প্রকল্প।

**কমিটির কার্যপরিধি ঃ**

(১) প্রকল্প সুষ্ঠু বাস্তবায়নের নীতি নির্ধারণী পরামর্শ প্রধান; (২) প্রকল্প কার্যক্রম পরীবিক্ষণ; (৩) প্রকল্প সংশিষ্ট সমস্যা আলোচনা ও তা সমাধানে নির্দেশনা প্রদান; (৪) উদ্ভাবনী বিষয়ে মতবিনিময়; (৫) প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা; (৬) আন্ত-সংস্থা সমন্বয় বৃদ্ধি; (৭) প্রকল্প বাস্তবায়ন কালে Country Climate Fiscal Framework এর তথ্য-উপাত্ত ব্যবহারে পরামর্শ প্রদান।

**নং পবম/পরিশা-৫/০২/২০১৪/৫৫**—জার্মান সরকারের সহায়তাপুষ্ট পরিবেশ ও বন মন্ত্রণালয়ের আওতায় বন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "উপকূলীয় (রক্ষিত) বন এলাকায় টেকসই উন্নয়ন এবং জীববৈচিত্র্য সংরক্ষণ (এসডিবিসি-সুন্দরবনস)" শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের নিমিত্ত প্রকল্পের সংস্থান মোতাবেক নিম্নরূপে একটি প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন করা হলো ঃ

**আহ্বায়ক**

(১) প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর

**সদস্যবৃন্দ**

(২) উপ-প্রধান বন সংরক্ষক, পরিকল্পনা উইং, বন অধিদপ্তর।

(৩) উপ-প্রধান বন সংরক্ষক, শিক্ষা ও প্রশিক্ষণ উইং, বন অধিদপ্তর।

(৪) পরিবেশ ও বন মন্ত্রণালয়ের প্রতিনিধি

(৫) অর্থনৈতিক সম্পর্ক বিভাগের প্রতিনিধি

(৬) পরিকল্পনা কমিশন (বন, মৎস্য ও পশুপালন উইং) এর প্রতিনিধি।

(৭) বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ এর প্রতিনিধি

(৮) বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর প্রতিনিধি

(৯) মৎস্য অধিদপ্তর এর প্রতিনিধি

(১০) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এর প্রতিনিধি

(১১) পরিবেশ অধিদপ্তর এর প্রতিনিধি

(১২) সহকারী প্রধান বন সংরক্ষক, উন্নয়ন পরিকল্পনা ইউনিট, বন অধিদপ্তর।

(১৩) **GIZ** এর প্রতিনিধি

**সদস্য-সচিব**

(১৪) প্রকল্প পরিচালক, "উপকূলীয় বন এলাকায় টেকসই উন্নয়ন এবং জীববৈচিত্র্য সংরক্ষণ (এসডিবিসি-সুন্দরবনস)" প্রকল্প।

**কমিটির কার্যপরিধি ঃ**

(১) প্রকল্প পরিচালকের দাখিলকৃত অগ্রগতি প্রতিবেদন ও মাঠ পর্যায়ে পরিদর্শন প্রতিবেদনের ভিত্তিতে ত্রৈমাসিক এবং বাৎসরিক প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সুজয় চৌধুরী**
সহকারী প্রধান।

---

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**

**উন্নয়ন শাখা-৮**

**প্রজ্ঞাপন**

তারিখঃ **১১** মে ২০১৪

**নং ২৫.০০.০০০০.০২১.০২.০৪৭.০১-৬৭৬**—ঢাকাস্থ খিলগাঁও /রাজারবাগ/বাসাবো ওহাব কলোনী পুনর্বাসন এলাকার ভূমি হুকুম দখলের কারণে ক্ষতিগ্রস্তদের মধ্যে পুনর্বাসন প্লট বরাদ্দের বিষয়ে পূর্বে গঠিত এ মন্ত্রণালয়ের গত ২৯ জুন ২০০৯ তারিখের গৃগম/শা-৮/বিবিধ-৪৭/২০০১/৫৮৪ সংখ্যক কমিটির মেয়াদ শেষ হওয়ায় মাননীয় মন্ত্রীর সদয় অনুমোদনক্রমে নিম্নোক্তভাবে উক্ত কমিটি গঠন করা হলো ঃ

**চেয়ারম্যান**

(১) জনাব সাবের হোসেন চৌধুরী, মাননীয় সংসদ সদস্য, ঢাকা-৯।

**সদস্যবৃন্দ**

(২) উপ-সচিব(অধিশাখা-৮)/সিনিয়র সহকারী সচিব (শাখা-৮), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা।

(৩) অতিরিক্ত জেলা প্রশাসক (এল. এ) জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা।

**সদস্য-সচিব**

(৪) নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-**১** ও ৪, ঢাকা।

**কমিটির কর্মপরিধি নিম্নরূপ ঃ**

(ক) ঢাকাস্থ খিলগাঁও/রাজারবাগ/বাসাবো ওহাব কলোনী পূনর্বাসন এলাকার ভূমি হুকুম দখলের কারণে ক্ষতিগ্রস্তদের মধ্যে পুনর্বাসন প্লট বরাদ্দ সংক্রান্ত কার্যক্রম তরান্বিত করা;

(খ) ভূমি/প্লট বরাদ্দের বিষয়ে পূর্বতন কমিটিসমূহ কর্তৃক বিধি বহির্ভূত/অনিয়মিতভাবে কোন প্লট বরাদ্দ করা হয়ে থাকলে তা বাতিল করার জন্য মন্ত্রণালয়ের নিকট প্রস্তাব/সুপারিশ করা;

(গ) ভূমি/প্লট বরাদ্দের সাথে সম্পৃক্ত অন্য যে কোন বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য মন্ত্রণালয়ের নিকট প্রস্তাব/সুপারিশ পেশ করা;

(ঘ) কমিটি ভূমি/প্লট বরাদ্দের ক্ষেত্রে স্বচ্ছতা নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনবোধে যাচাই/বাছাই উপ-কমিটি গঠন করতে পারবেন;

(ঙ) কমিটি প্রয়োজনবোধে সংশ্লিষ্ট কোনো ব্যক্তি/কর্মকর্তাকে কো-অপ্ট করতে পারবে।

২। উপর্যুক্ত কর্মপরিধির আওতায় এ বিষয়ে গত ২৯ জুন ২০০৯ তারিখের গৃগম/শা-৮/বিবিধ-৪৭/২০০১/৫৮৩ নম্বর স্মারকে জারিকৃত নীতিমালা, কিংবা এতদ্‌সংক্রান্ত পরবর্তীতে জারী করা হলে উক্ত নীতিমালা এবং প্রচলিত আইন বিধিমালা অনুসরণপূর্বক কমিটি ক্ষতিগ্রস্তদের মাঝে ভূমি/প্লট বরাদ্দের বিষয়ে সুপারিশ পেশ করবে। উক্ত সুপারিশ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদনের পর যথানিয়মে বরাদ্দ পত্র জারী করা হবে।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং পুনরাদেশ না দেয়া পর্যন্ত বহাল থাকবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ গোলাম রব্বানী**
ভারপ্রাপ্ত সচিব।

---

**বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৪ বৈশাখ ১৪২১/২৭ এপ্রিল ২০১৪

**নং ৩৯.০০৬.০০৪.০০.০০.০৬১.২০১৪-১২৭**—বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন আদেশ ১৯৭৩ (রাষ্ট্রপতির আদেশ নং ১৫/১৯৭৩) এর ৪(২) ধারা মোতাবেক সরকার নিম্নবর্ণিত কর্মকর্তা/ব্যক্তিবর্গের সমন্বয়ে আগামী ৩ (তিন) বছরের জন্য বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের উপদেষ্টা কমিটি গঠন করল ঃ

| | | |
|---|---|---|
| (১) | চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, আগারগাঁও, ঢাকা। | সভাপতি |
| (২) | সদস্য (প্রকৌশল), বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, আগারগাঁও, ঢাকা। | সদস্য |
| (৩) | সদস্য (পরিকল্পনা), বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, আগারগাঁও, ঢাকা। | সদস্য |
| (৪) | সদস্য (জীববিজ্ঞান), বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, আগারগাঁও, ঢাকা। | সদস্য |
| (৫) | সদস্য (ভৌত বিজ্ঞান), বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, আগারগাঁও, ঢাকা। | সদস্য |
| (৬) | অধ্যাপক ডঃ এস এম নজরুল ইসলাম, ভাইসচ্যান্সেলর, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা। | খণ্ডকালীন সদস্য |
| (৭) | অধ্যাপক ডঃ নঈম চৌধুরী, সাবেক চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, ঢাকা। | খণ্ডকালীন সদস্য |
| (৮) | অধ্যাপক ডঃ মেসবাহ উদ্দিন আহমেদ, সচিব,বাংলাদেশ একাডেমী অব সায়েন্সেস, আগারগাঁও, ঢাকা। | খণ্ডকালীন সদস্য |
| (৯) | অধ্যাপক ডাঃ কাজী দীন মোহাম্মদ , পরিচালক, ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরোসায়েন্সেস ও হাসপাতাল, আগারগাঁও, ঢাকা। | খণ্ডকালীন সদস্য |

২। বিগত ৬ এপ্রিল ২০১৪ তারিখের ৩৯.০০৬.০০৪.০০.০০.০৬১.২০১৪-১০৪ নং স্মারকে জারিকৃত পত্রটি বাতিল করা হলো।

৩। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারী করা হলো এবং এটি অবিলম্বে কার্যকর হবে।

**বিজয় কৃষ্ণ দেবনাথ**
উপ-সচিব।

---

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**শৃংখলা-১ শাখা**

**আদেশ**

তারিখ, ১৬ বৈশাখ ১৪২১/২৯ এপ্রিল ২০১৪

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০২২.২০১৩-৩৫৪**—যেহেতু ডাঃ খায়রুল ওয়ারা (১২৬৫১৬), সহকারী সার্জন, মৌতলা ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র, কালীগঞ্জ, সাতক্ষীরা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক অসদাচরণ ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাঁকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না এ মর্মে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন তাঁকে চাকুরি হতে বরখাস্ত করার বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে, সেহেতু, সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এ ৪(৩) (ডি) বিধি মোতাবেক ডাঃ খায়রুল ওয়ারা (১২৬৫১৬), সহকারী সার্জন, মৌতলা ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, কালীগঞ্জ, সাতক্ষীরাকে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ০৯-০৮-২০১২ইং থেকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম. এম. নিয়াজউদ্দিন**
সচিব।

## আদেশাবলী

তারিখ, ২৩ এপ্রিল ২০১৪

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১০৫.২০১৩-৩৩০**—যেহেতু, ডাঃ মোঃ গোলাম মোস্তফা (৩৫৮৯৮), জুনিয়র কনসালটেন্ট (চঃদাঃ), বক্ষব্যাধি ক্লিনিক, কক্সবাজার (প্রাক্তন জুনিয়র কনসালটেন্ট (চঃদাঃ), বক্ষব্যাধি ক্লিনিক, ফেনী) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধিমতে 'অসদাচরণ' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত মর্মে মতামত জ্ঞাপন করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ গোলাম মোস্তফা (৩৫৮৯৮), জুনিয়র কনসালটেন্ট (চঃদাঃ), বক্ষব্যাধি ক্লিনিক, কক্সবাজার এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে তাঁকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(এ) বিধিমতে 'তিরস্কার' করে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হল

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৭২.২০১০-৩৩১**—যেহেতু, ডাঃ সালাহ উদ্দিন আহমেদ (৩৩৩২৪), প্রাক্তন সহকারী অধ্যাপক (চঃদাঃ), রেডিওথেরাপী বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে "অসদাচরণ" ও "বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি" এর দায়ে ২০-১০-২০১০ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০৭২.২০১০-১০৫৫ সংখ্যক প্রজ্ঞাপনের মাধ্যমে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন

যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে বিভাগীয় মামলায় তাঁকে চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না, মর্মে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলায় ২য় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন;

যেহেতু, ডাঃ সালাহ উদ্দিন আহমেদ (৩৩৩২৪), প্রাক্তন সহকারী অধ্যাপক (চঃদাঃ) রেডিওথেরাপী বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ, ঢাকা গত ০৯-০১-২০১১ তারিখ চাকুরি হতে স্বেচ্ছায় অবসর গ্রহণের আবেদন করেছেন;

এক্ষণে, ডাঃ সালাহ উদ্দিন আহমেদ (৩৩৩২৪), প্রাক্তন সহকারী অধ্যাপক (চঃদাঃ) রেডিওথেরাপী বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, তদন্তকারী কর্মকর্তার মতামত এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনাপূর্বক বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে তাঁকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল।

তারিখ, ২৭ এপ্রিল ২০১৪

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৫৯.২০১০-৩৩৭**—যেহেতু, ডাঃ যতীন্দ্র চন্দ্র মন্ডল (৩৫৩৫৮), প্রাক্তন আবাসিক মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, জামালপুর এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(এ) ও ৩(বি) বিধিমতে 'অদক্ষতা' 'অসদাচরণ' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন

যেহেতু, আনীত অভিযোগের বিষয় তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তা তদন্ত করে প্রতিবেদন দাখিল করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ যতীন্দ্র চন্দ্র মন্ডল (৩৫৩৫৮), প্রাক্তন আবাসিক মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, জামালপুর এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব এবং তদন্ত প্রতিবেদনের পর্যালোচনা করে সার্বিক বিবেচনায় বিভাগীয় মামলায় আনীত অভিযোগের দায় হতে তাঁকে অব্যাহতি প্রদান করা হল।

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১১০.২০১৩-৩৪২**—যেহেতু, ডাঃ মোঃ দেলোয়ার হোসেন (১২৪২৮০), সহকারী রেজিস্ট্রার (মেডিসিন) কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতাল, কুমিল্লা (প্রাক্তন মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়ীয়া) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ২৪-০৪-২০১৪ তারিখে তাঁর ব্যাক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি ব্যক্তিগত শুনানীর সময় জানান যে, মেডিকেল অফিসার হিসাবে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়ীয়ায় কর্মরত থাকা অবস্থায় তার মায়ের শারীরিক অসুস্থতার কারণে ১৬-০২-২০১৩ তারিখ হতে ১৭-০২-২০১৩ পর্যন্ত এবং ১৯-০২-২০১৩ হতে ২০-০২-২০১৩ পর্যন্ত নৈমিত্তিক ছুটির আবেদন করেন। কিন্তু কর্তৃপক্ষের নির্দেশে তিনি ১৬-০২-২০১৩ তারিখ হতে ১৭-০২-২০১৩ কর্মস্থলে উপস্থিত থাকেন। পরবর্তীতে রোগের জটিলতার জন্য তার আরও ছুটি প্রয়োজন হতে পারে এ বিবেচনা তিনি উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অবহিত করে ২৩-০২-২০১৩ হতে ২৫-০২-২০১৩ পর্যন্ত নৈমিত্তিক ছুটির দরখাস্ত করেছিলেন।

এক্ষণে, সেহেতু, ডাঃ মোঃ দেলোয়ার হোসেন (১২৪২৮০), সহকারী রেজিস্ট্রার (মেডিসিন) কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতাল, কুমিল্লা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনায় তাঁকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(এ) বিধিমতে 'তিরস্কার' শাস্তি আরোপ করা হল।

**এ, এম, বদরুদ্দোজা**
অতিরিক্ত সচিব।

**শৃংখলা-২ শাখা**

**আদেশাবলী**

তারিখ, ২৭ চৈত্র ১৪২০/১০ এপ্রিল ২০১৪

**নং শৃংখলা-২/অভি-২৯/২০০৮/১৩২**—যেহেতু জনাব মোঃ হাসানুল ইসলাম, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শিবালয়, মানিকগঞ্জ (প্রেষণে সহকারী প্রধান, মানব সম্পদ উন্নয়ন ইউনিট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্মরত) ০৯-০৩-২০০৮ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক অসদাচরণ ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির দায়ে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি এবং তারপর তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মর্কর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাঁকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না এ মর্মে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি। সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন তাঁকে চাকুরি হতে বরখাস্ত করার বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে, সেহেতু, সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এ ৪(৩) (ডি) বিধি মোতাবেক জনাব মোঃ হাসানুল ইসলাম, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শিবালয়, মানিকগঞ্জ বর্তমানে সহকারী প্রধান, মানব সম্পদ উন্নয়ন ইউনিট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়কে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ০৯-০৩-২০০৮ হতে সরকারি চাকুরি থেকে বরখাস্ত (Dismissal from Service) করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল।

তারিখ, ১৬ বৈশাখ ১৪২১/২৯ এপ্রিল ২০১৪

**নং স্বাপকম/শৃংখলা-২/অভি-৩৬/২০০৯/১৫৬**—যেহেতু বেগম অর্পনা রানী বণিক, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বারহাট্টা, নেত্রকোনা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৩(বি) ধারা মোতাবেক বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি, সেহেতু তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্ত কমিটি গঠন করা হয়;

যেহেতু তদন্ত কমিটি তদন্ত প্রতিবেদন দাখিল করেছেন এবং তদন্তে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে উল্লেখ করা হয়েছে;

যেহেতু বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনায় বেগম অর্পনা রানী বণিক, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বারহাট্টা, নেত্রকোনা-কে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না সে মর্মে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি;

যেহেতু, তাঁকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্মকমিশন (পিএসসি) মন্ত্রণালয়ের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

এক্ষণে, সেহেতু, সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৪(এ) ধারা মোতাবেক বেগম অর্পনা রানী বণিক, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বারহাট্টা, নেত্রকোনা-কে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হল।

এ আদেশ তাঁর অননুমোদিত তারিখ ২৭-০৫-২০০৮ থেকে কার্যকর হবে।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম.এম. নিয়াজউদ্দিন**
সচিব।

---

**আদেশ**

তারিখ, ২২ এপ্রিল ২০১৪

**নং ৪৫.১৫১.০২৭.০০.০০.১৪৬.২০১৩-১৪০**—যেহেতু, জনাব আ ন ম আরিফুর আহসান, হিসাব রক্ষণ কর্মকর্তা, নিরীক্ষা ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও (ডি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'দুর্নীতি' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ১৫-০১-২০১৪ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। তাঁর ব্যক্তিগত শুনানী সন্তোষজনক বিবেচিত না হওয়ায় তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং অভিযোগসমূহ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, অভিযোগসমূহ প্রমাণিত হয়েছে সেহেতু, তাঁকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না মর্মে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়। অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন;

এক্ষণে, সেহেতু, জনাব আ ন ম আরিফুর আহসান, হিসাব রক্ষণ কর্মকর্তা, নিরীক্ষা ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, আজিমপুর, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, ব্যক্তিগত শুনানী, তদন্ত প্রতিবেদন, দ্বিতীয় কারণ-

দর্শানো নোটিশ ও উপস্থাপিত সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ ৪(২)(বি) বিধি মোতাবেক তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি (ইনক্রিমেন্ট) আদেশ জারি হওয়ার তারিখ থেকে ০১ (এক) বৎসর সময় পর্যন্ত স্থগিত করা হল। ভবিষ্যতে তিনি বকেয়া হিসেবে এ বেতন প্রাপ্য হবেন না।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

**এ, এম, বদরুদ্দোজা**
অতিরিক্ত সচিব।

---

**চিকিৎসা শিক্ষা-১ শাখা**

**অফিস আদেশ**

তারিখ, ১৫ এপ্রিল ২০১৪

**নং স্বাপকম/চিশি-১/চমেক/বিশ্ববিদ্যালয় স্থাপন-০১/২০১২/২৬২**—চট্টগ্রাম ও রাজশাহী মেডিকেল কলেজকে বিশ্ববিদ্যালয় ঘোষণার পরিপ্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় স্থাপন আইনের খসড়া প্রণয়নের জন্য নিম্নোক্তভাবে একটি কমিটি নির্দেশক্রমে গঠন করা হলো ঃ

**আহ্বায়ক**

(১) অতিরিক্ত সচিব (উন্নয়ন ও চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

**সদস্যবৃন্দ**

(২) বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের একজন প্রতিনিধি

(৩) যুগ্ম-সচিব, আর্থিক ব্যবস্থাপনা ইউনিট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

(৪) পরিচালক (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য অধিদপ্তর

(৫) বিএসএমএমইউ এর একজন প্রতিনিধি

(৬) শিক্ষা মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (উপসচিবের নীচে নহে)।

(৭) আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (উপসচিবের নীচে নহে)।

(৮) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (উপসচিবের নীচে নহে)।

(৯) সভাপতি/সাধারণ সম্পাদক, বিএমএ, ঢাকা

(১০) সভাপতি/সাধারণ সম্পাদক, বিএমডিসি, ঢাকা

**মোঃ রেজাউল আলম**
সিনিয়র সহকারী সচিব।

---

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ১৫ এপ্রিল ২০১৪

**নং স্বাপকম/চিশি-১/চমেক/বিশ্ববিদ্যালয় স্থাপন-০১/২০১২/২৬৪**—সরকার চট্টগ্রাম মেডিকেল কলেজকে "চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়" এ রূপান্তর করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

**নং ৪৫.১৬৮.০৯৭.০৩.০০.০৯৮.২০১২-২৬৫**—সরকার রাজশাহী মেডিকেল কলেজকে "রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়" এ রূপান্তর করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রেজাউল আলম**
সিনিয়র সহকারী সচিব।

**জনস্বাস্থ্য-১ অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ২০ এপ্রিল ২০১৪/৭ বৈশাখ ১৪২১

**নং জনস্বাস্থ্য-১/ঔষধ-৪১/২০০৮ (অংশ-২)/৯৬**—বাংলাদেশ ন্যাশনাল আন্তর্জাতিক ফর্মুলারিসমূহ অনুসরণপূর্বক একটি পূর্ণাঙ্গ ফর্মুলারি প্রণয়নের লক্ষ্যে তথ্য-উপাত্ত সংগ্রহ, সন্নিবেশ, সমন্বয় করার জন্য গত ০১-০৯-২০১৩ তারিখের ২১২ সংখ্যক প্রজ্ঞাপনমূলে গঠিত বাংলাদেশ ন্যাশনাল ফর্মুলারী ওয়ার্কিং কমিটি নিম্নরূপভাবে পুনর্গঠন করা হল ঃ

**চেয়ারপার্সন**

(১) অধ্যাপক আফসানা করিম, ফার্মাকোলজি বিভাগ, ডেল্টা মেডিকেল কলেজ, ঢাকা।

**সদস্যবৃন্দ**

(২) উপ-সচিব (জনস্বাস্থ্য), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

(৩) অধ্যাপক সীতেশ চন্দ্র বাচার, ফার্মাসিউটিক্যাল টেকনোলজি বিভাগ, ফার্মাসী অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

(৪) অধ্যাপক এম এ মজিদ, অধ্যাপক, ফার্মাসিউটিক্যাল কেমিস্ট্রি বিভাগ, ফার্মাসী অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

(৫) জনাব মাহবুব হোসেন, ঔষধ তত্ত্বাবধায়ক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা।

**সদস্য-সচিব**

(৬) বেগম নায়ার সুলতানা, উপ-পরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা।

২। **কমিটির কার্যপরিধি ঃ**

(ক) বিডিএনএফ ৩য় সংস্করণ হালনাগাদসহ এ ধরণের আন্তর্জাতিক ফর্মুলারিসমূহ অনুসরণপূর্বক একটি পূর্ণাঙ্গ ফর্মুলারি প্রণয়নের লক্ষ্যে তথ্য-উপাত্ত সংগ্রহ, সন্নিবেশ ও সমন্বয়সাধন করে একটি পূর্ণাঙ্গ বাংলাদেশ ন্যাশনাল ফর্মুলারি (বিডিএনএফ) ৪র্থ সংস্করণ প্রকাশ ও মুদ্রণ করা;

(খ) কমিটি প্রজ্ঞাপন জারির ছয় মাসের মধ্যে বিডিএনএফ এর ৪র্থ সংস্করণ প্রকাশ ও মুদ্রণের কাজ সম্পন্ন করা।

৩। এ প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হবে এবং বিডিএনএফ ৪র্থ সংস্করণ প্রকাশ ও মুদ্রণের পর এ কমিটি স্বয়ংক্রিয়ভাবে অবলুপ্ত হবে।

**নং জনস্বাস্থ্য-১/ঔষধ-৪১/২০০৮ (অংশ-২)/৯৮**—স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ০১-০৯-২০১৩ তারিখের জনস্বাস্থ্য-১/ঔষধ-২/২০০২/২১০ সংখ্যক প্রজ্ঞাপনে গঠিত বাংলাদেশ ন্যাশনাল ফর্মুলারি (বিডিএনএফ) প্রণয়ন প্রকাশনা ও হালনাগাদ করণের লক্ষ্যে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদানের জন্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীকে প্রধান পৃষ্ঠপোষক এবং মাননীয় প্রতিমন্ত্রীকে ও সচিব মহোদয়কে পৃষ্ঠপোষক করে বাংলাদেশ ন্যাশনাল ফর্মুলারি কমিটি সংশোধনপূর্বক নিম্নরূপভাবে পুনর্গঠন করা হল ঃ

**চেয়ারম্যান**

(১) অধ্যাপক প্রাণ গোপাল দত্ত, উপাচার্য, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

**সদস্যবৃন্দ**

(২) যুগ্ম-সচিব (জনস্বাস্থ্য), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

(৩) সম্মানিক অধ্যাপক এ কে এম নুরুল আনোয়ার, ইব্রাহিম মেডিকেল কলেজ, ঢাকা।

(৪) অধ্যাপক রশীদ-ই-মাহবুব, সদস্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, ঢাকা।

(৫) ডীন, ফ্যাকালটি অব সার্জারী, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

(৬) অধ্যাপক এ এফ এম সাইফুল ইসলাম, পরিচালক, সেন্টার ফর মেডিকেল এডুকেশন, ঢাকা।

(৭) অধ্যাপক আজিজুল কাহার, মেডিসিন বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ, ঢাকা।

(৮) অধ্যাপক সাইফুল ইসলাম, ক্লিনিক্যাল ফার্মেসী বিভাগ, ফার্মেসী অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

(৯) অধ্যাপক ইফফাত আরা, গাইনী এন্ড অবসট্রেটিকস, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা।

(১০) ড. ফেরদৌসী কাদরী, ভ্যাকসিন বিশেষজ্ঞ, আইসিডিডিআরবি, মহাখালী, ঢাকা।

(১১) সভাপতি, বাংলাদেশ মেডিকেল এসোসিয়েশন।

**সদস্য-সচিব**

(১২) জনাব এ এ সেলিম বারামী, পরিচালক (চঃ দাঃ), ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা।

২। **কমিটির কার্যপরিধি ঃ**

(ক) বিডিএনএফ ৩য় সংস্করণ হালনাগাদসহ এ ধরণের আন্তর্জাতিক ফর্মুলারিসমূহ অনুসরণপূর্বক একটি পূর্ণাঙ্গ ফর্মুলারি প্রণয়ন;

(খ) বিডিএনএফ-এ যে কোন পরিবর্তন, পরিমার্জন, পরিবর্ধন বা সংযোজন এবং অনুমোদনসহ সকল ধরণের পরামর্শ ওয়ার্কিং কমিটিকে প্রদান ও উক্ত কমিটির সকল কার্যক্রম অনুমোদন করা।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং বিডিএনএফ ৪র্থ সংস্করণ প্রকাশ ও মুদ্রণের পর এ কমিটি স্বয়ংক্রিয়ভাবে অবলুপ্ত হবে।

**নং জনস্বাস্থ্য-১/ঔষধ-৪১/২০০৮ (অংশ-২)/৯৯**—স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ০১-০৯-২০১৩ তারিখের জনস্বাস্থ্য-১/ঔষধ-২/২০০২/২০৯ সংখ্যক প্রজ্ঞাপনে গঠিত বাংলাদেশ ন্যাশনাল ফর্মুলারি প্রণয়ন, প্রকাশনা ও সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ের জন্য অন্যান্য কমিটিকে পরামর্শ প্রদানের জন্য উপদেষ্টা কমিটি সংশোধনপূর্বক নিম্নরূপভাবে পুনর্গঠন করা হল ঃ

**চেয়ারম্যান**

(১) মেজর জেনারেল মোঃ জাহাংগীর হোসেন মল্লিক, মহা-পরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা।

**কো-চেয়ারম্যান**

(২) অধ্যাপক আ ব ম ফারুক, ফার্মাসিউটিক্যাল টেকনোলজি বিভাগ, ফার্মেসী অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

**সদস্যবৃন্দ**

(৩) যুগ্ম-সচিব (জনস্বাস্থ্য), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

(৪) অধ্যাপক নাজমুন নাহার, মহাপরিচালক, বারডেম হাসপাতাল, ঢাকা।

(৫) অধ্যাপক মুনীর উদ্দিন আহমেদ, ক্লিনিক্যাল ফার্মেসী ও ফার্মাকোলজী বিভাগ, ফার্মেসী অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

(৬) সভাপতি, বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল, ঢাকা।

(৭) সভাপতি, বাংলাদেশ প্রাইভেট প্রাকটিশনার এসোসিয়েশন, ঢাকা।

(৮) সহ-সভাপতি, বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল, ঢাকা।

২। **কমিটির কার্যপরিধি ঃ**

বিডিএনএফ প্রণয়নের লক্ষ্যে গঠিত অন্যান্য কমিটিকে বিডিএনএফ প্রকাশনার বিষয়ে পরামর্শ প্রদান।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং বিডিএনএফ ৪র্থ সংস্করণ প্রকাশ ও মুদ্রণের পর এ কমিটি স্বয়ংক্রিয়ভাবে অবলুপ্ত হবে।

**মনোজ কুমার রায়**
উপসচিব।

---

**পার-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৭ এপ্রিল ২০১৪

**নং স্বাপকম/পার-২/বিবিধ-১০/২০১০(অংশ)-২৪৯**—যেহেতু ডাঃ খন্দকার মিজানুর রহমান (৩৪৮৯৪), ওএসডি স্বাস্থ্য অধিদপ্তর ও প্রাক্তন সিভিল সার্জন চুয়াডাংগা অনৈতিক কার্যকলাপের জন্য পুলিশ কর্তৃক গ্রেপ্তার হয়ে জেল হাজতে আছেন;

২। এক্ষণে সেহেতু তাকে বিএসআর পার্ট-১ বিধি ৭৩-এর বিধান মোতাবেক গ্রেফতারের তারিখ অর্থাৎ ২৫-০৪-২০১৪ তারিখ হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

৩। তিনি প্রচলিত বিধি মোতাবেক সাময়িক বরখাস্তকালীন খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**এম. এম. নিয়াজউদ্দিন**
সচিব।

---

**হাসপাতাল-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১১ মে ২০১৪

**নং ৪৫.১৫৫.১১৬.০০.০১.০০৩.২০১০(অংশ-১)-২৬৫**—জাতীয় স্বাস্থ্য নীতি-২০১১ বাস্তবায়নের লক্ষ্যে এর কর্মকৌশল অধ্যায়ের ১নং অনুচ্ছেদ অনুযায়ী সরকার কর্তৃক নিম্নোক্তভাবে জাতীয় স্বাস্থ্য কাউন্সিল পুনর্গঠন করা হল ঃ

**সভাপতি**

(১) মাননীয় প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**সদস্যবৃন্দ**

(২) মাননীয় মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়

(৩) মাননীয় মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়

(৪) মাননীয় মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়

(৫) মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।

(৬) মাননীয় মন্ত্রী, খাদ্য মন্ত্রণালয়

(৭) মাননীয় মন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

(৮) মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

(৯) মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়

(১০) মাননীয় প্রতিমন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

(১১) মাননীয় প্রতিমন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

(১২) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

(১৩) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

(১৪) সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

(১৫) ভাইস চ্যান্সেলর, বিএসএমএমইউ

(১৬) অধ্যাপক এম আর খান, জাতীয় অধ্যাপক ও বিশিষ্ট শিশু বিশেষজ্ঞ।

(১৭) জাতীয় অধ্যাপক ব্রিগেডিয়ার (অবঃ) এম এ মালিক, মহা-সচিব, ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন।

(১৮) অধ্যাপক শায়লা খাতুন, জাতীয় অধ্যাপক, ঢাকা।

(১৯) সভাপতি, বাংলাদেশ মেডিকেল এসোসিয়েশন

(২০) সভাপতি, বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ান্স এন্ড সার্জনস (বিসিপিএস)।

(২১) সভাপতি, বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমডিসি)।

(২২) অধ্যাপক রশিদ-ই-মাহবুব, সাবেক সভাপতি, বিএমএ

(২৩) অধ্যাপক টিএ চৌধুরী, ফরিদা ক্লিনিক, শান্তিনগর, ঢাকা

(২৪) অধ্যাপক এ কে আজাদ খান, সভাপতি, বাংলাদেশ ডায়বেটিক সমিতি, শাহবাগ, ঢাকা।

(২৫) সভাপতি, বাংলাদেশ প্রাইভেট মেডিকেল প্র্যাকটিশনার্স এ্যাসোসিয়েশন।

(২৬) সচিব, স্থানীয় সরকার বিভাগ

**সদস্য-সচিব**

(২৭) সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(২৮)সচিব, তথ্য মন্ত্রণালয়

(২৯) সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়

(৩০) সচিব, খাদ্য মন্ত্রণালয়

(৩১) সচিব, বন ও পরিবেশ মন্ত্রণালয়

(৩২) সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

(৩৩) মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর

(৩৪) মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর

(৩৫) মহাপরিচালক, নিপোর্ট

(৩৬) মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর

(৩৭) মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো

(৩৮) প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর

(৩৯) মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর

(৪০) পরিচালক, সেবা পরিদপ্তর

(৪১) সভাপতি, জাতীয় প্রেস ক্লাব

(৪২) সভাপতি, বাংলাদেশ ঔষধ শিল্প সমিতি

(৪৩) চেয়ারম্যান, ইউনানী ও আয়ুর্বেদী বোর্ড

(৪৪) চেয়ারম্যান, হোমিওপ্যাথি বোর্ড

(৪৫) সভাপতি, কনজুমার্স এ্যাসোসিয়েশন অব বাংলাদেশ

**কার্যপরিধি ঃ**

(ক) জাতীয় স্বাস্থ্য নীতি বাস্তবায়ন সংক্রান্ত বিষয়াদি

(খ) দেশের জনগণের পুষ্টির স্তর উন্নয়ন সংক্রান্ত বিষয়াদি

(গ) জাতি, ধর্ম, বর্ণ, ভাষা নির্বিশেষে সাম্য, লিঙ্গ সমতার ভিত্তিতে স্বাস্থ্য সেবায় সকলের সমান অধিকার ও ন্যায্যতা প্রতিষ্ঠা নিশ্চিত করা।

(ঘ) পল্লী ও শহর অঞ্চলের অবহেলিত জনগণের স্বাস্থ্য উন্নয়নসহ সেবা প্রদানের সুযোগ সৃষ্টি।

(ঙ) বিভিন্ন মন্ত্রণালয় ও সংস্থার স্বাস্থ্য সম্পর্কিত কার্যক্রম পর্যালোচনা ও দিক নির্দেশনা প্রদান।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আব্দুল মালেক**
উপ সচিব।

---

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**

**পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ**

**পরিকল্পনা ও উন্নয়ন শাখা-৫**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ৩০ এপ্রিল ২০১৪

**নং ৪৭.০৪১.০১৪.০০.০০.০০৪.২০১৪-৫২**—পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অধীন পিডিবিএফ কর্তৃক বাস্তবায়নাধীন **"পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন এর আইসিটি কার্যক্রম এবং ই-সেবা শক্তিশালীকরণ"** শীর্ষক প্রকল্পটির সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষ্যে ডিপিপির সংস্থান অনুযায়ী নিম্নরূপভাবে ১৫ (পনের) সদস্য বিশিষ্ট একটি প্রজেক্ট স্টিয়ারিং কমিটি গঠন করা হ'ল।

**সভাপতি**

(১) সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

**সদস্যবৃন্দ**

(২) অতিরিক্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

(৩) ব্যবস্থাপনা পরিচালক, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন

(৪) উপ-প্রধান, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

(৫) প্রতিনিধি, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন।

(৬) প্রতিনিধি, কার্যক্রম বিভাগ পরিকল্পনা কমিশন

(৭) প্রতিনিধি, আইএমইডি পরিকল্পনা মন্ত্রণালয়

(৮) প্রতিনিধি, আইসিটি বিভাগ

(৯) সংশ্লিষ্ট শাখা কর্মকর্তা

(১০) পরিচালক, মাঠ পরিচালন, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন।

(১১) পরিচালক, অর্থ, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন

(১২) পরিচালক, মানব সম্পদ ও উন্নয়ন, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন।

(১৩) যুগ্ম-পরিচালক, মাঠ পরিচালন (ক্ষুদ্র ঋণ), পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন।

(১৪) যুগ্ম-পরিচালক, আইটি, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন

**সদস্য-সচিব**

(১৫) প্রকল্প পরিচালক।

২। **কমিটির কর্মপরিধি ঃ**

(ক) কমিটি প্রতিবছর কমপক্ষে ২ (দুই) বার সভায় মিলিত হবে এবং প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা ও প্রকল্প কার্যকরভাবে বাস্তবায়নের বিষয়ে নীতি নির্ধারণের প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান;

(খ) প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে উদ্ভূত সমস্যা সমাধানে সহযোগিতা প্রদান;

(গ) প্রকল্পটি সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে কর্মপন্থা নির্ধারণ ; এবং

(ঘ) বিবিধ।

৩। কমিটি প্রয়োজনবোধে এক বা একাধিক সদস্যকে কো-অপ্ট করতে পারবে।

**নং ৪৭.০৪১.০১৪.০০.০০.০০৫.২০১৪-৫৩**—পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অধীন পিডিবিএফ কর্তৃক বাস্তবায়নাধীন **"পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন এর আইসিটি কার্যক্রম এবং ই-সেবা শক্তিশালীকরণ"** শীর্ষক প্রকল্পটির সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষ্যে ডিপিপির সংস্থান অনুযায়ী নিম্নরূপভাবে ১০ (দশ) সদস্য বিশিষ্ট একটি প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন করা হ'ল।

**সভাপতি**

(১) ব্যবস্থাপনা পরিচালক, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন

**সদস্যবৃন্দ**

(২) প্রতিনিধি, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন।

(৩) প্রতিনিধি, আইএমইডি পরিকল্পনা মন্ত্রণালয়

(৪) সংশ্লিষ্ট শাখা কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

(৫) অতিরিক্ত পরিচালক, মাঠ পরিচালন, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন।

(৬) অতিরিক্ত পরিচালক, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন

(৭) যুগ্ম-পরিচালক, এইচআরএম, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন।

(৮) যুগ্ম-পরিচালক, মাঠ পরিচালন (ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ), পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন।

(৯) যুগ্ম-পরিচালক, আইটি, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন

**সদস্য-সচিব**

(১০) প্রকল্প পরিচালক।

২। **কমিটির কর্মপরিধি ঃ**

(ক) কমিটি প্রতিবছর কমপক্ষে ৪ (চার) বার সভায় মিলিত হবে এবং প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা ও প্রকল্প কার্যকরভাবে বাস্তবায়নের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;

(খ) প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে উদ্ভূত সমস্যা সমাধানে সহযোগিতা প্রদান;

(গ) প্রকল্পের অভিজ্ঞতার আলোকে প্রকল্প কার্যক্রম সম্প্রসারণের বিষয়ে নির্দেশনা; এবং

(ঘ) বিবিধ।

৩। কমিটি প্রয়োজনবোধে এক বা একাধিক সদস্যকে কো-অপ্ট করতে পারবে।

**মোঃ মাসুদুর রহমান বিশ্বাস**
সহকারী প্রধান।

---

**ভূমি মন্ত্রণালয়**
**শাখা-৫**

**এল, এ কেস নং ১৪৯/৬৩-৬৪**

**ঘ-ফরম**

**সম্পত্তি হুকুম দখলের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ, ৫ জানুয়ারি ২০০২

যেহেতু নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সনের সম্পত্তি (জরুরী) অধিগ্রহণ আইন (১৯৪৮ সনের ১৩ নং আইন) এর ৩ ধারা মোতাবেক ২৬-৫-৬৪ ইং তারিখে আদেশ দ্বারা অধিগ্রহণ করা হইয়াছে;

এবং যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণের আওতাধীন রহিয়াছে;

এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি./সম্পত্তিসমূহ হুকুম দখল করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

সেহেতু উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাইতেছে যে নিম্ন তফসিল বর্ণিত উক্ত অধিগ্রহণকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক হুকুম দখল করা হইল ঃ

**তফসিল**

জেলা নাটোর, থানা নাটোর, মৌজা বড়গাছা, জে,এল নং ৭১।

সি, এস দাগ নং ১৯৭৬, ১৯৭৭, ১৯৭৮, ১৯৭৯, ১৯৮০, ১৯৮১ ও ১৯৮৯।

অধিগ্রহণকৃত সর্বমোট জমির পরিমাণ ০২.৪২ একর (কম বা বেশী)।

জমির নক্সা ভূমি হুকুম দখল অফিস, নাটোরে দেখা যেতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**লুৎফুন্নেছা বেগম**
সিনিয়র সহকারী সচিব।

**যোগাযোগ মন্ত্রণালয়**
**সড়ক বিভাগ**
**সম্পত্তি শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২২ জুলাই ২০১৪/০৭ শ্রাবণ ১৪২১

**নং ৩৫.০০.০০০০.০২৩.১৭.০০১.১০-২০৮**—সড়ক ও জনপথ অধিদপ্তরের ব্রাহ্মণবাড়ীয়া সড়ক বিভাগাধীন কুমিল্লা (ময়নামতি)-ব্রাহ্মণবাড়ীয়া (সড়াইল) সড়কে নবনির্মিত সেতুর নাম "শহীদ ধীরেন্দ্রনাথ দত্ত সেতু" নামে সরকার নামকরণ করিলেন।

২। জনস্বার্থে জারীকৃত এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ গোলাম জিলানী**
সহকারী সচিব।

---

**শিক্ষা মন্ত্রণালয়**
**অধিশাখা-৮**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২০ শ্রাবণ ১৪২১/০৪ আগস্ট ২০১৪

**নং শিম/শাঃ৮/বিবিধ(নামকরণ)-৫/২০১০/১১৪৮**—রাজশাহী জেলাধীন নওগাঁ জেলার 'বদলগাছী সরকারি কলেজের' নাম পরিবর্তন করে 'বঙ্গবন্ধু সরকারি মহাবিদ্যালয়' নামে নামকরণ করা হ'ল।

২। জনস্বার্থে এ আদেশ জারী করা হ'ল।

**মালেকা খায়রুন্নেছা**
উপসচিব।